# ঐকমত্য কমিশন জুলাই সনদের চূড়ান্ত অনুলিপি পাঠালো রাজনৈতিক দলগুলোকে




সংগৃহীত ছবি

সংস্কার প্রস্তাবের আলোচনার ভিত্তিতে প্রস্তুত জুলাই জাতীয় সনদের চূড়ান্ত অনুলিপি রাজনৈতিক দলগুলোর নিকট পাঠিয়েছে ঐকমত্য কমিশন। আগামী ১৭ অক্টোবর সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় সনদ স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হবে, যেখানে বিভিন্ন রাজনৈতিক ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন।

অন্তর্বর্তী সরকারের উদ্যোগে গঠিত ঐকমত্য কমিশন জুলাই জাতীয় সনদের চূড়ান্ত অনুলিপি মঙ্গলবার (১৪ অক্টোবর) রাতে রাজনৈতিক দলগুলোর নিকট প্রেরণ করেছে। কমিশনের পাঠানো বার্তায় জানানো হয়, সনদে সংস্কার প্রস্তাব বাস্তবায়নের নির্দিষ্ট উপায় এখনই অন্তর্ভুক্ত করা হয়নি। পরবর্তীতে সরকার ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করে এ বিষয়ে সুপারিশ দেওয়া হবে।

রাষ্ট্রীয় বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের লক্ষ্যে অন্তর্বর্তী সরকার ১১টি সংস্কার কমিশন গঠন করে, যার মধ্যে প্রথম ধাপে ৬টি কমিশনের প্রস্তাব নিয়ে ঐকমত্য কমিশন রাজনৈতিক দলগুলোর সঙ্গে বিস্তারিত আলোচনা করে। এই আলোচনায় অর্জিত ঐকমত্য ও সিদ্ধান্তের ভিত্তিতেই জুলাই জাতীয় সনদ প্রণয়ন করা হয়।

আগামী ১৭ অক্টোবর (শুক্রবার) সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় জুলাই জাতীয় সনদ স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক দল ও জোটের পাশাপাশি সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরাও অংশগ্রহণ করবেন বলে জানা গেছে।